তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ৩

সমকাল

# এইচএসসির পুনঃনিরীক্ষিত ফল প্রকাশ

■ সমকাল প্রতিবেদক

এবারের এইচএসসি ও সমমান পরীক্ষার পুনঃনিরীক্ষিত ফল গত শনিবার প্রকাশিত হয়েছে। বিভিন্ন বোর্ড আলাদাভাবে এ ফল প্রকাশ করে। সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটে এ ফল পাওয়া যাচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান জানান, ঢাকা বোর্ডে এবার ৪১ হাজার ১৫১ জন ফল চ্যালেঞ্জ করে। আবেদনকারীদের মধ্যে এক হাজার ৯ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে জিপিএ ৫ পেয়েছে ১১৫ জন।